

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
জাতিসংঘ শাখা

নং-ইউএন-এইচআর-৫০৪২/০৫/১২০

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০১৭

প্রেরক : মোঃ শোয়েব আব্দুল্লাহ
সহকারী সচিব (জাতিসংঘ-২)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মির্জা মোসাম্মত শাহানারা মনিকা
পরিচালক (জাতিসংঘ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ৬-৭ মার্চ ২০১৭ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিতব্য International Covenant on Civil and Political Rights বিষয়ে বাংলাদেশ কর্তৃক দাখিলকৃত প্রারম্ভিক প্রতিবেদন বিবেচনা সভায় বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মির্জা মোসাম্মত শাহানারা মনিকা, পরিচালক (জাতিসংঘ), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর জেনেভা সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,


নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ৬-৭ মার্চ ২০১৭ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিতব্য International Covenant on Civil and Political Rights বিষয়ে বাংলাদেশ কর্তৃক দাখিলকৃত প্রারম্ভিক প্রতিবেদন বিবেচনা সভায় বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মির্জা মোসাম্মত শাহানারা মনিকা, পরিচালক (জাতিসংঘ), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর জেনেভা সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

২। উক্ত সভায় যোগদানের জন্য আগামী ০৫ মার্চ ২০১৭ বা তার নিকটবর্তী সময়ে আপনি ঢাকা ত্যাগ করবেন এবং ০৮ মার্চ ২০১৭ বা তার নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

৩। উক্ত সফর সংক্রান্ত যাবতীয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

৪। উক্ত সভায় অংশগ্রহণকাল সরকারি কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

৫। এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে।



মোঃ শোয়েব আব্দুল্লাহ
সহকারী সচিব (জাতিসংঘ-২)
ফোনঃ ৯৫৮০০১৩

নং-ইউএন-এইচআর-৫০৪২/০৫/১২০

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী/ সহকারী সচিব (সাধারণ সেবা/ তহবিল/ বাজেট), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



মোঃ শোয়েব আব্দুল্লাহ
সহকারী সচিব (জাতিসংঘ-২)